

আ.লীগ নেতা নুরুল আজাদ স্বরণে সিডনিতে দোয়া-মাহফিল

সিডনী থেকে প্রকাশিত সাপ্তাহিক স্বদেশ বার্তা পত্রিকার সম্পাদকমন্ডলীর সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগ অস্ট্রেলিয়া শাখার প্রতিষ্ঠাতা সভাপতি ও বিশিষ্ট ব্যবসায়ী জনাব নুরুল আজাদের স্বরণে সিডনির রকডেলস্ট্র বনলতা রেষ্টিুরেন্টের এক দোয়া ও শোকসভা অনুষ্ঠিত হয়। কোরআন তেলওয়াতের পর মরহুম নুরুল আজাদের কর্মময় জীবনের উপর ভিত্তি করে স্বদেশ বার্তার সম্পাদক লুৎফর রহমান শাওনের নির্মিত 'স্লাইড শো' প্রদর্শন করা হয়। গত ১০ সেপ্টেম্বর হৃদরোগে আক্রান্ত হয়ে আকস্মিকভাবে বাংলাদেশে মারা যান নুরুল আজাদ।

গত ১৬ অক্টোবর সিডনিস্থ বাংলাদেশি কমিউনিটি ও স্বদেশ বার্তা পত্রিকার আয়োজনে শোকসভায় কমিউনিটির বিশিষ্ট সমাজসেবী গামা আব্দুল কাদিরের সভাপতিত্বে লুৎফর রহমান শাওনের পরিচালনায় নুরুল আজাদের স্মৃতিচারণা করে বক্তব্য রাখেন বাংলাদেশ এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা সভাপতি নজরুল ইসলাম, মুনিরুল হক জর্জ, মুক্তিযোদ্ধা মিজানুর রহমান তরুণ, ড. আবুল হাসনাৎ মিল্টন, আনিসুর রহমান রিতু, আমিনুল ইসলাম রুবেল, রুহুল আমিন সওদাগর, মুক্তিযোদ্ধা হারুন অর রশীদ আজাদ, আব্দুল হক, বিশিষ্ট কলামিস্ট অজয় দাশ গুপ্ত, ড. কাইয়ুম পারভেজ, আবু রেজা আরেফিন, একেএম ফজলুল হক শফিক, লিয়াকত আলী স্বপন, ড. নাগিস বানু, আল নোমান শামীম, আতিকুর রহমান, আনিসুর রহমান, মোহাম্মেদ আব্দুল মতিন, রহমতউল্লাহ, বদরুল আলম, সালাউদ্দিন চিনু, মশিউর রহমান হাদয়, শেরওয়ান জামাল, ভুলু পাঠান, হারুনুর রশীদ এবং অমিয়া মতিন প্রমুখ। শোকসভার বক্তারা তাদের বক্তৃতায় সিডনিতে বাংলাদেশি কমিউনিটির বিকাশে নুরুল আজাদের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে বলেন, তিনি ছিলেন সকল দল মত নির্বিশেষ সমাজসেবক। তিনি ছিলেন একজন স্বপ্নদ্রষ্টা। বাঙালি কমিউনিটির উন্নয়নই বরাবরই নিঃস্বার্থভাবে এগিয়ে যেতেন। তিনি ছিলেন সিডনির প্রথম বাংলা পত্রিকা স্বদেশ বার্তার প্রতিষ্ঠাতা। বিশিষ্ট ক্রীড়ানুরাগী, ব্যবসায়ী নুরুল আজাদ সিডনির বুকে একটি বাংলাদেশি কমিউনিটি সেন্টার গড়বার স্বপ্ন দেখতেন, সেই স্বপ্নটি এখন পূরণ করবার পালা। সভায় তার আত্মার প্রতি মাগফেরাত কামনা করে মোনাজাত পরিচালনা করেন ড. আব্দুর রাজ্জাক।

স্বদেশ বার্তার সম্পাদক মন্ডলীর প্রাক্তন সভাপতি
বাংলাদেশ আওয়ামীলীগ অস্ট্রেলিয়া শাখার প্রতিষ্ঠাতা সভাপতি
এবং বিশিষ্ট ব্যবসায়ী

প্রয়াত নুরুল আজাদ - এর
দোয়া ও শোকসভা

১৬ অক্টোবর রবিবার, ২০১৬
বনলতা রেষ্টিুরেন্ট, রকডেল, সিডনি

আয়োজনে-
বাংলাদেশ কমিউনিটির পক্ষে- গামা আব্দুল কাদির ও
স্বদেশ বার্তার প্রাক্তন সম্পাদক লুৎফর রহমান শাওন













